# নীলফামারী সদর উপজেলা পরিষদ এর মার্চ, ২০২৫ মাসের সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ সাইফুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর<br>ও প্রশাসক<br>উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী। |
| তারিখ | ঃ | ২৪ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ। |
| সময় | ঃ | বিকাল ৩.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| অনুপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য। |

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, নীলফামারী সদর উপস্থিত সকলকে স্বাগত সভার কাজ আরম্ভ করা হয় এবং গত ২৫-০২-২০২৫ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় এবং বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৭টি কমিউনিটি ক্লিনিক সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত চালু রেখে স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে। গত ফেব্রুয়ারি ২০২৫ মাস পর্যন্ত ২৩৮জন এএনসি () ও ৯৩ জনকে পিএনসি () সেবা প্রদান করা হয়। গত মাসে নরমাল ডেলীভারী ০১ জন এবং ২টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে তৃণমুল পর্যায়ে স্বাস্থ্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীকে স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০২.উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি সম্পসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি রবি মৌসুমে বোরো ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ২৩৭৪৫ হেঃ। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদর এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ বোরো ধানের জমিতে লাইন, লোগো, পাচিংসহ জমিতে উপরি সার প্রয়োগের জন্য কৃষক পরামর্শ প্রদান করছে। বাজারে রাসায়নিক সারের চাহিদা ও মজুদ স্বাভাবিক আছে। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের আওতায় ফুট পাম্প স্প্রে মেশিন বিতরণ করা হবে। ভেজাল কীটনাশক বন্ধে দোকনসমূহে অভিযান পরিচালনা করা প্রয়োজন মর্মে তিনি সভায় আলোচনা করেন। | ১। চলতি বরি মৌসুমে বোরো ধানসহ অন্যান্য সকল ফসলের পরিচর্যা সম্পর্কে কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>৩। ভেজাল কীটনাশক বন্ধে দোকানসমূহে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মৎস্য চাষীকে আধুনিক পদ্ধতিতে মাছ চাষের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পিরানহা ও আফ্রিকান মাগুর মাছ চাষ, মজুদ, ক্রয়-বিক্রয় সম্পূর্ণ নিষিদ্ধ। এ উদ্দেশ্যে নিয়মিত বাজার এবং মাঠ পরিদর্শণ কার্যক্রম চলমান আছে। রাজস্ব বাজেটের আওতায় পদ্ম বিল এবং নাদিয়ার বিলে মাছের পোনা অবমুক্ত করা হবে। | আধুনিক পদ্ধতিতে মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে এবং যথা নিয়মে পদ্ম বিল এবং নাদিয়ার বিলে মাছের পোনা অবমুক্ত করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, নীলফামারী সদর এর আওতায় এলডিডিপি প্রকল্পের আওতায় ৮০জন সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ০২টি ফ্রি ভেটেরেনারি মেডিকেল টিমের মাধ্যমে ৭০০জনকে টিকাদান বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৫টি উঠান বৈঠকে ১৫০জন অংশগ্রহণকারীকে পারিবারিক হাঁস/মুরগি লালনপালন ইত্যাদি বিষয়ে প্রদান করা হয়েছে। চিকিৎসা প্রদান কর্মসূচির আওতায় ৪৩৭৭টি গবাদি পশু ও ১১৪২৫টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। বেসরকারিভাবে ৩টি গবাদি পশুর খামার ও ১টি মুরগির খামার স্থাপন করা হয়েছে। কৃত্রিম প্রজনন কর্মসূচির আওতায় হিমায়িত সিমেনদ্বারা ৪২০ ও তরল সিমেনদ্বারা ৭০৭টি প্রজনন করা হয়েছে এবং সংকর জাতের বাছুরের জন্মের সংখ্যা ৫৮৪টি। ২.২৫ একর পাকচং ও ৬.৫০ একর নেপিয়ার ঘাস চাষ হয়েছে। এছাড়াও ২৪৫৩ মেঃটন দুধ, ২১০৮ মেঃটন মাংস ও ৩৮ লক্ষ ডিম উৎপাদন হয়েছে। | গবাদিপশু ও হাঁস-মুরগি পালনের উপর সাধারণ জনগণকে প্রশিক্ষণের মাধ্যমে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নীলফামারী সদর |

চলমান

| | | |
|---|---|---|
| ০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে কার্যক্রম চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ, স্বাভাবিক প্রসবের বিষয়ে উৎসাহ প্রদান | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নীলফামারী সদর |
| ০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, চলতি অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে অনুমোদিত সকল প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকল্পের কাজ সম্পন্ন হবে। দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান খোকশাবাড়ী ইউপি জানান যে, খোকশাবাড়ী ইউনিয়ন পরিষদের পুরাতন জরাজীর্ণ ভবনটি জরুরি ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য অনুরোধ করেন। | ১। চলতি অর্থ বছরে বার্ষিক উন্নয়ন এডিপি এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে অনুমোদিত সকল প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। খাকশাবাড়ী ইউনিয়ন পরিষদের পুরাতন জরাজীর্ণ ভবনটি জরুরি ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |
| ০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে ভাতাভোগীদের অনুকূলে ভাতা বিতরণের জন্য লাইভ ভেরিফিকেশন কার্যক্রম সম্পন্ন করে ভাতা বিতরণ করা হয়েছে। | সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর |
| ০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর |
| ০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, "জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ" কর্মসূচির আওতায় ০৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ চক্রে উপকারভোগীর আবেদন প্রক্রিয়া আগামী ৬ হতে ২৬ এপ্রিল ২০২৫ পর্যন্ত চলবে। মা ও শিশু সহায়তা সর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচন চলমান। ক্ষুদ্রঋণ দান কর্মসূচির আওতায় ঋণ আদায় কার্যক্রম চলমান আছে, ফেব্রুয়ারি ২০২৫ মাসে আদায় হয়বি। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প" এর মোট ১৬টি ক্লাবের মোট সদস্য সংখ্যা ৪৮০ জন, কিশোর-কিশোরীদের বয়স ১০ বছর হতে ১৯ বছর পর্যন্ত এবং প্রতিটি ক্লাবে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর। স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধনের আওতায় মোট সমিতির সংখ্যা ৪৮টি। বাল্যবিবাহ, মানবপাচার ও কর্মস্থলে যৌন হয়রানি নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা কার্যক্রম চলমান। নারী ও শিশু নির্যাতন এবং পাচার প্রতিরোধে গত ০৪/০২/২০২৫ তারিখ সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও যৌতুক, বাল্যবিবাহ, ধর্ষণ ও ইভটিজিং জেলা প্রতিরোধ কমিটির মাধ্যমে গত ১১/০২/২০২৫ তারিখ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। | নীতিমালার আলোকে মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগী নির্বাচন করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউপি নীলফামারী সদর |
| ১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপসহকারী প্রকৌশলী জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে ১৮০টি অগভীর নলকূপ স্থাপন কাজের পূর্নাঙ্গ তালিকা পাওয়া গিয়েছে। তৎপ্রেক্ষিতে পানির উৎসসমূহের সহায়ক চাঁদা জমাদান চলছে এবং অতি শীঘ্রই স্থাপন কাজ শুরু হবে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয় গুলোতে জিপিএস/এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। এছাড়াও দপ্তরের বাকী সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে ১৮০টি অগভীর নলকূপ স্থাপন কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী ডিপিএইচই নীলফামারী সদর। |
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলার ২০৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ০১টি পরীক্ষণ বিদ্যালয় রয়েছে। উক্ত বিদ্যালয়সমূহ নিয়মিত মনিটরিং করা হচ্ছে। | প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চওড়াবড়গাছা ও লক্ষীচাপ ইউনিয়নে গাভীপালন প্রকল্প চলমান। উক্ত প্রকল্পের ঋণখেলাপীর সংখ্যা ৪৮ জন। ঋণ আদায়ের কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, মাধ্যমিক পর্যায়ের নবম শ্রেনির ৭টি বই, দশম শ্রেনির ৭টি বই এবং দাখিল নবম শ্রেনির ৫টি বই অদ্যাবধি সরবরাহ পাওয়া যায় নাই। অবশিষ্ট সকল শ্রেনির পাঠ্যপুস্তক সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ প্রদান করা হয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠান পবিত্র মাহে রমজানের ছুটি চলমান। একাদশ শ্রেনির উপবৃত্তি অন্তর্ভুক্তির কাজ চলমান এবং অনলাইন এমপিও সুপারিশ প্রক্রিয়া চলমান। এছাড়াও তিনি আরও জানান যে, এ উপজেলা শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য প্রাপ্ত পাঠ্যপুস্তক সংরক্ষণের জন্য উপজেলা পরিষদে গোডাউন না থাকায় গোডাউন তৈরীর জন্য উপজেলা পরিষদের জমি বরাদ্দের জন্য প্রস্তাব পেশ করেন। বই সংরক্ষণের জন্য গোডাউন তৈরীর জমি বরাদ্দের বিষয়ে আলোচনা করা হয়। | ১। পবিত্র মাহে রমজানের ছুটি শেষে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়মিত পাঠদান কার্যক্রম অব্যাহত রাখতে প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদান করতে হবে এবং চলমান কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। পাঠ্যপুস্তক সংরক্ষণের জন্য গোডাউন তৈরীর জমি বরাদ্দের বিষয়ে পরবর্তী সভায় উপজেলা প্রকৌশলী তথ্য উপস্থাপন করেন। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর।<br>২। উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |
| ১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচীর আওতায় কাবিখা ১৩৬.৩২৬১ মেঃটন বরাদ্দ বরাদ্দের বিপরীতে ১৮টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। অপরদিকে কাবিটা ১,৯০,৮৫,৬৫৯.০৫ টাকার বিপরীতে ৩৭ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং টিআর কর্মসূচির আওতায় ১,৭০,২৯,৬৩৭.০২ টাকার বিপরীতে ৯২টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পগুলোর বাস্তবায়ন কাজ ইতিমধ্যে শুরু করা হয়েছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে কাজের গুনগত মান বজায় রেখে কাজ করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরও জানান যে, যথাসময়ে কাজ সম্পন্যের জন্য ইজিপিপি প্রকল্পের তালিকা দাখিলের জন্য জরুরি ভিত্তিতে দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ১। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ও টিআর কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পগুলোর গুনগত মান বজায় রেখে কাজ সম্পন্ন করতে হবে।<br>২। জরুরি ভিত্তিতে ইজিপিপি প্রকল্পের তালিকা দাখিল করতে হবে। | ১। চেয়ারম্যান, সকল ইউপি, নীলফামারী সদর।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নীলফামারী সদর। |
| ১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নীলফামারী সদর কর্তৃক ছয়টি প্রকল্প/ কর্মসূচি চলমান রয়েছে। | চলমান প্রকল্পসমূহের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৬. বন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| ১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন।<br>(১) খাদ্যগুদামে বর্তমান মজুদ ঃ<br>চাল - ৬৭৫৭.০০০ মেঃ টন, ধান- ০.০০ মেঃ টন, গম- ০.০০০ মেঃ টন<br>(২) সংগ্রহ কার্যক্রম ঃ অভ্যন্তরীন আমন সংগ্রহ/২০২৪-২০২৫ চলমান।<br>(৩) বিলি/বিতরণ ঃ জিআর, ইপি,ওপি, ভিডব্লিউবি, ওএমএস, খাদ্যবান্ধব ও টিসিবি<br>খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে।<br>(৪) বাজারদর ঃ ধান - ৩২/- থেকে ৩৩/- প্রতি কেজি দর<br>চাল - ৪৭/- থেকে ৪৯/- " " "<br>গম - ৪৮/- থেকে ৫০/- " " "<br>আটা - ৫৪/- থেকে ৫৬/- " " "<br>লবণ- ৩৫/- থেকে ৪০/- " " "<br>চিনি - ১৩৫/- থেকে ১৪০/- " " "<br>ডাল (মসুর)- ১১০/- থেকে ১৪০/- " " "<br>সয়াবিন তেল - ১৯০/- থেকে ১৯৫/- " " " | সকল প্রকার বিলি/ বিতরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| (৫) ওএমএস কার্যক্রম ঃ নীলফামারী পৌরসভার ৯ টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৫ দিন সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০ মেঃ টন করে আটা ও ১.০০০ মেঃ টন করে চাল বিক্রয় কার্যক্রম জুলাই ২০২৪ হতে শুরু হয়েছে। প্রতি কেজি আটা ২৪/- (চব্বিশ) টাকা এবং প্রতি কেজি চাল ৩০/- (ত্রিশ) টাকা।<br>(৬) ভিডব্লিউবি কার্যক্রমঃ ২০২৪-২০২৫ অর্থ বছরের ভিডব্লিউবি খাতে জানুয়ারি ২০২৫ মাস হতে অদ্যাবধি বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ডিও ইস্যু করা হবে।<br>(৭) ভিজিএফ কার্যক্রমঃ পবিত্র ঈদুল ফিতর/২০২৫ উপলক্ষে উপজেলার ১৫টি ইউনিয়নে ৫৫০.৮৭০ মেঃ টন ও নীলফামারী পৌরসভায় ৪৬.২১০ মেঃ টন আতপ চাল বিলি বিতরণ সম্পন্ন হয়েছে।<br>(৮) চাল/ধান সংগ্রহ/২০২৪-২০২৫ ঃ আমন সংগ্রহ/২০২৪-২৫ কার্যক্রম গত ১৫ মার্চ ২০২৫ তারিখ সমাপ্ত হয়েছে। সংগ্রহের নির্ধারিত সময়সীমার মধ্যে উপজেলায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে ৬৭২৪.৫৪০ মেঃ টন সিদ্ধ চাল ও ৮৪৭.৯৮০ মেঃটন আতপ চাল সংগ্রহ করা হয়েছে। প্রতি কেজি সিদ্ধ চালের সংগ্রহ মূল্য ৪৭/-(সাতচল্লিশ) টাকা এবং আতপ চালের সংগ্রহ মূল্য ৪৬./-(ছেচল্লিশ) টাকা।<br>(৯) টিসিবি ঃ টিসিবি খাতে মার্চ ২০২৫ মাসে সারাদেশে ১ কোটি ভোক্তাকে ওএমএস খাতের চাল (ভোক্তা প্রতি মাসে ৫ কেজি) বিক্রয়ের নিমিত্ত বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অত্র উপজেলার ১৫টি ইউনিয়ন ও নীলফামারী পৌরসভায় নির্ধারিত পরিমাণ চাল বিলি বিতরণ করা হবে।<br>(১০) খাদ্যবান্ধব কর্মসূচীঃ নীলফামারী সদর উপজেলায় ৩০৭১৩ জন হতদরিদ্র খাদ্য বান্ধব ভোক্তা রয়েছে। নীতিমালা অনুযায়ী মার্চ/২০২৫ মাসে ৯২০.৪৯০ মেঃ টন চাল বিতরণ করা হয়েছে আগামী এপ্রিল/২০২৫ মাসে উক্ত খাতে চাল বিক্রয় করা হবে। প্রতি কেজি চালের বিক্রয় মূল্য ১৫/-টাকা। খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ অনুযায়ী উপজেলা ১৫টি ইউনিয়নে ৫৪জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। এ লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ছিল ৩১/১২/২০২৫ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। তাছাড়া নীতিমালা অনুযায়ী তালিকা হালনাগাদ করণের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর, মহোদয় কর্তৃক ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি গঠন করা হয়েছে এবং কমিটিকে আগামী দুই মাসের মধ্যে খাদ্যবান্ধব ভোক্তার তালিকা হালনাগাদ করার জন্য বলা হয়েছে। | সকল প্রকার বিলি/ বিতরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী সদর। |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নোক্তভাবে তার দপ্তরের ফেব্রুয়ারি-২০২৫ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।<br>১৮.১। বোরো ফসলের পূর্বাভাস (১ম অংশ) প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। গম ফসলের পূর্বাভাস (১ম অংশ) প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। আলু ফসলের নমুনা কর্তন ও উৎপাদন জরিপ প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ের প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৫। এস.ভি.আর.এস প্রকল্পের আওতায় জনতাত্তিক বিভিন্ন ধরণের সূচক নির্ধারণের জন্য এ উপজেলার ৮টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্ট্রার ও সুপারভাইজারগণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ চলমার রয়েছে। | চলমান কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নীলফামারী সদর এর কার্যক্রম চলমান রয়েছে। | আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ সহকারী প্রকৌশলী জানান যে, চলতি রবি মৌসুমে বিএমডিএ'র আওতায় ৬৩টি গভীর নলকূপ ও ৪টি এলএলপি'র মাধ্যমে নীলফামারী সদর উপজেলা সেচ কার্যক্রম অব্যাহত রয়েছে। | কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, নীলফামারী |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ২১. আইসিটি বিভাগঃ সহকারী প্রোগ্রামার জানান যে, হার পাওয়ার প্রকল্পের আওতায় ৬টি ব্যাচের মধ্যে ৫টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ১টি ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। তিনি আরোও জানান যে, এ উপজেলার অনেক সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল অদ্যাবধি হালনাগাদ করা হয়নি। তিনি সংশ্লিষ্ট সকলকে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ করেন। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর এবং ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পর্যায়ের দপ্তর প্রধান সকল/ চেয়ারম্যান, ইউপি সকল নীলফামারী সদর |
| ২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ): নীলফামারী সদর ইউনিট অফিস, বিএডিসি নীলফামারী এর কার্যক্রম চলমান রয়েছে। | কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপসহকারী প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |
| ২৩. নির্বাচন কমিশনঃ উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান যে, তার দপ্তরের কারক্রম কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার নীলফামারী সদর। |
| ২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরের উঠান বৈঠকসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গত অর্থ বছরের অনুমোদিত সকল প্রকল্প শতভাগ বাস্তবায়ন হয়েছে। চলতি অর্থ বছরে অদ্যাবধি কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালার আলোকে প্রকল্প বাস্তবায়ন করা হবে। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালার আলোকে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী/ ইউডিএফ নীলফামারী সদর, নীলফামারী। |
| গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পঃ উপজেলা সমন্বয়কারী, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প ৩য় পর্যায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ইউনিয়ন পরিষদসমূহে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পের কার্যক্রম চলমান। গ্রাম আদালত কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য ৫টি রেজিস্টার ব্যবহার বাধ্যতামূলক। কয়েকটি ইউনিয়ন পরিষদ ৫টি রেজিস্টার ব্যবহার করছেনা। তিনি ৫টি রেজিস্টার ব্যবহার করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | গ্রাম আদালত কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্নের জন্য ৫টি রেজিস্টার যথাযথভাবে ব্যবহার করবেন। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) নীলফামারী সদর। |

**আলোচ্যসূচি বিবিধ ০১। বাংলা ১৪৩২ সনের জন্য হাট-বাজার ইজারা সংক্রান্ত।**

সভায় আলোচনাকালে জানা যায়, নীলফামারী সদর উপজেলাধী (পৌরসভা ব্যতীত) ৩৪(চৌত্রিশ)টি হাট বাংলা ১৪৩২ সনের জন্য হাট-বাজার ইজারা প্রদানের জন্য গত ০৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ০৫.৪৭.৭৩৬৪.০০০.০৭.০৫৭.১৮১ নং স্মারকে বিজ্ঞপ্তি জারী করা হয়। ১ম পর্যায়ে গত ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ ২৩ টি হাট-বাজারের অনুকূলে দরপত্র পাওয়া যায় এবং ২৩ টি হাট-বাজারের ১ম সর্বোচ্চ দরদাতাগণের অনুকূলে ইজারা প্রদানের পত্র প্রেরণ করা হয়। দ্বিতীয় পর্যায়ে ১০ মার্চ ২০২৫ তারিখ অবশিষ্ট ১১টি হাট-বাজারের মধ্যে ৪টি হাট-বাজারের দরপত্র পাওয়া যায় এবং ৪টি হাট-বাজারের ১ম সর্বোচ্চ দরদাতাগণের অনুকূলে ইজারা প্রদানের পত্র প্রেরণ করা হয়। তৃতীয় পর্যায়ে ১৮ মার্চ ২০২৫ তারিখ অবশিষ্ট হাট-বাজারের কোন দরপত্র পাওয়া যায় নাই এবং চতুর্থ পর্যায়ে অদ্য ২৪ মার্চ ২০২৫ তারিখ অবশিষ্ট ৭টি হাট-বাজারের মধ্যে ২টি হাট বাজারের দরপত্র পাওয়া যায় ও দরপত্র দাতার অনুকূলে ইজারা প্রদানের পত্র প্রেরণ করা হয়।

ইজারাবিহীন হাট-বাজারসমূহ গোড়গ্রাম ইউনিয়নের ভবানীগঞ্জ হাট, পলাশবাড়ী ইউনিয়নের পলাশবাড়ী হাট, সোনারায় ইউনিয়নের চাকলে কাজীরহাট, চড়াইখোলা ইউনিয়নের নগর দারোয়ানীহাট এবং লক্ষীচাপ ইউনিয়নের আকালুগঞ্জ হাট বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত খাস আদায় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও নিম্নোক্তভাবে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ নীলফামারী সদর উপজেলাধী (পৌরসভা ব্যতীত) ৬টি ইজারাবিহীন হাট বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত খাস আদায়ের বিষয়ে সিদ্ধান্ত চেয়ে জেলা প্রশাসক, নীলফামারী মহোদয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্যসূচি বিবিধ ০২। উপজেলা পরিষদের জন্য দৈনিক ভিত্তিতে একজন মালী নিয়োগ প্রসঙ্গে।**

সভায় আলোচনাকালে জানা যায় উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে নিয়োজিত মালী অন্যত্র চাকরি করায় উপজেলা পরিষদে একজন মালী প্রয়োজন। ইতোমধ্যে জনাব শামীম মন্ডল, পিতা-তোজাম্মেল হক মন্ডল, মাতা-মৃত শিমু আক্তার, গ্রাম-উত্তরাশশী ধনীপাড়া, ডাকঘর-পঞ্চপুকুর উপজেলা-নীলফামারী সদর ও জেলা-নীলফামারী-নীলফামারী গত উক্ত পদে কাজের জন্য গত ২০/০৩/২০২৫ তারিখ আবেদন করেছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ জনাব শামীম মন্ডল, পিতা-তোজাম্মেল হক মন্ডল, মাতা-মৃত শিমু আক্তার, গ্রাম-উত্তরাশশী ধনীপাড়া, ডাকঘর-পঞ্চপুকুর উপজেলা-নীলফামারী সদর ও জেলা-নীলফামারী-নীলফামারীকে উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে মালী পদে আগামী ৩১ মার্চ ২০২৫ তারিখ হতে কাজে যোগদান করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান

CamScanner

অত:পর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১.১২(৪৫)

তারিখঃ ১৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। জেলা প্রশাসক, নীলফামারী।

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৬। উপজেলা........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

০৭। চেয়ারম্যান,......................................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।